

উপজেলা পরিক্রমা

চাটখিল

॥ মাহবুব চৌধুরী বাবর ॥

নোয়াখালী জেলা সদর থেকে ২৫ মাইল উত্তর-পশ্চিমে অবস্থিত এক নীরব পল্লীর নাম চাটখিল উপজেলা। ৫২.০০ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ উপজেলার মোট জনসংখ্যা ১ লাখ ৮০ হাজার ৮শ' ২ জন। ৯টি ইউনিয়ন, ১১৬টি মৌজা, ১৪২টি গ্রাম এবং ৩২,৮৬৩টি পরিবারের সমন্বয়ে গঠিত চাটখিল থানাকে ১৯৮৩ সালে উপজেলায় উন্নীত করা হয়।

শিক্ষা :

এ উপজেলায় শিক্ষিতের হার শতকরা ৪০.২। ১টি ডিগ্রী কলেজ, ১টি সরকারীসহ ৩টি উচ্চ বালিকা, ১টি সরকারীসহ ১৬টি উচ্চ বালক ও ১০৭টি প্রাথমিক বিদ্যালয় ছাড়াও আধুনিক শিক্ষার বাহন হিসেবে দুটি কিণ্ডার গার্টেন চালু রয়েছে। মাদ্রাসার সংখ্যা সর্বমোট ৫৯টি।

কৃষি :

এখানে বিভিন্ন রকমের ফসলাদি জন্মে। মোট আবাদী জমির পরিমাণ ২৩,০০০ একর, এর মধ্যে কৃষি জমির পরিমাণ মাত্র ৬,৫০০ একর। প্রতি বছর বিভিন্ন কারণ যেমন সেচ, ঋণ, বীজ ইত্যাদির অভাবে একটা বিরাট অংশ অনাবাদী থাকে ফলে খাদ্য ঘাটতি উপজেলায় লেগেই আছে।

যোগাযোগ :

জেলা সদর থেকে রামগঞ্জ উপজেলা পর্যন্ত বিস্তৃত রাস্তাটিই হচ্ছে চাটখিল উপজেলার যোগাযোগের প্রধান

সড়ক। এ ছাড়া ভিন্ন কোন সড়ক নেই। অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার মধ্যে ৭টি জেলা পরিষদ, ২৩টি উপজেলা পরিষদ এবং ১২৩টি ইউনিয়ন পরিষদ রাস্তার মোট ৩৬৯ মাইল সংস্কারের অভাবে রাস্তাগুলো জরাজীর্ণ।

চিকিৎসা :

এ উপজেলায় চিকিৎসার তেমন সুবন্দোবস্ত নেই বললেই চলে, কয়েক মাস আগে উপজেলা স্বাস্থ্য প্রকল্পটি চালু হলেও ওষুধপত্র ইত্যাদির মারত্বক সংকট, ৯টি ইউনিয়নের মধ্যে ১টি দাতব্য চিকিৎসালয়, ৪টিতে পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে। খিলপাড়ায় অবস্থিত ইসলামিক মিশনটি চিকিৎসা প্রকল্পের সাহায্যে জনগণ বেশ উপকৃত হচ্ছে।

হাটবাজার :

বিভিন্ন সমস্যায় জর্জরিত উপজেলার হাট-বাজারের সংখ্যা মোট ২৫টি। এর মধ্যে আনুমানিক ৩,৮৭৮টি স্থায়ী ও ৪,৬৭৫টি অস্থায়ী দোকান রয়েছে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মাধ্যমে কয়েকটি বড় বাজারসহ মোট ২১টি গ্রাম আংশিক বিদ্যুতায়িত হয়েছে।

শিল্প :

একটি মাঝারি ধরনের বিড়ি ফ্যাক্টরী, কয়েকটি "স" মিল, বেশ কিছু রাইছ ও ফ্লাওয়ার মিল ছাড়া এ উপজেলায় তেমন উল্লেখযোগ্য শিল্প প্রতিষ্ঠান নেই। তবে পুরোভাবে বিদ্যুতায়িত হলে শিল্প প্রতিষ্ঠান বেড়ে যাবে নিঃসন্দেহে।